**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Web: www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০৭.০০২.২১.১২১ তারিখ: ১২/০৪/২০২২ খ্রিঃ।

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের প্রকল্প কার্যক্রমকে সঠিক ও গতিশীলরূপে বাস্তবায়ন এবং কঠোর মনিটরিং এর জন্য প্রকল্প হতে প্রকল্পভুক্ত ২৫৬ টি উপজেলায় ২৫৬ টি (প্রতিটি উপজেলায় ১ টি) এবং উপ-অঞ্চলভিত্তিক ২০ টি জেলাদপ্তরের জন্য ৪০ টি (প্রতি জেলায় ২ টি) মোটর সাইকেল প্রেরণ করা হচ্ছে/হয়েছে। প্রকল্প হতে বরাদ্দকৃত/প্রেরিত এ মোটর সাইকেলসমূহ সম্পূর্ণরূপে সরকারি সম্পদ। উহার যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণের বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর সংশ্লিষ্ট জেলা ও উপজেলার ডিডিও যথাক্রমে উপপরিচালক এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এর উপর ন্যস্ত। তাছাড়া প্রকল্প শেষে অত্র প্রকল্পের সকল সম্পদ যেহেতু বিআরডিবি'র নিজস্ব সম্পদে পরিগণিত হবে, সেহেতু অত্র প্রকল্প হতে বরাদ্দকৃত/ প্রেরিত সম্পদসমূহের ব্যবহার ও রক্ষণাবেক্ষণের বিষয়টি সংশ্লিষ্ট জেলা ও উপজেলার যথাক্রমে উপপরিচালক এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিশ্চিত করবেন। প্রকল্প হতে বরাদ্দকৃত/প্রেরিত মোটর সাইকেল এর ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে নিম্নরূপ সার্বিক নির্দেশনা প্রদান করা হলো:

**নির্দেশনা:**

১। উপজেলা পর্যায়ের মোটর সাইকেল সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার তত্ত্বাবধানে / অনুমোদনে অত্র প্রকল্পের প্রকল্প কার্যক্রমে নিযুক্ত 'মাঠ সংগঠক' ব্যবহার করবেন এবং উপ-অঞ্চলভিত্তিক জেলা পর্যায়ের মোটর সাইকেল ২ টি সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের তত্ত্বাবধানে / অনুমোদনে প্রকল্পের প্রকল্প কার্যক্রমে নিযুক্ত 'অপ্রধান শস্য বিশেষজ্ঞ' ও 'শস্য উন্নয়ন কর্মকর্তা' ব্যবহার করবেন।

২। মোটর সাইকেল ব্যবহারকারীর ড্রাইভিং লাইসেন্স থাকা বাধ্যতামূলক। কোন প্রকারেই ড্রাইভিং লাইসেন্স নাই এমন ব্যক্তি সরকারি এ সম্পদের ব্যবহার করতে পারবেন না।

৩। সরকারি এ সম্পদ (মোটর সাইকেলসমূহ) শুধুমাত্র প্রকল্প কাজে ব্যবহার করা যাবে। মোটর সাইকেলসমূহ কোন প্রকারেই ব্যক্তিগত কাজে ব্যবহার করা যাবে না।

৪। মোটর সাইকেল ব্যবহারে প্রকল্প হতে জ্বালানি খরচ বরাদ্দ প্রদান করা হবে। এ ক্ষেত্রে লগবহির ব্যবহার বাধ্যতামূলক। লগবহি ব্যবহার ব্যতীত জ্বালানি খাতের অর্থ ব্যয় করা যাবে না এবং মোটর সাইকেল এর ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। সরকারি এ সম্পদের ব্যবহারে ব্যবহারকারীকে যত্নশীল ও দায়িত্ববান হতে হবে। তাছাড়া দেশের প্রচলিত আইন প্রতিপালনপূর্বক মোটর সাইকেলের ব্যবহার নিশ্চিত করতে হবে। ব্যবহারকারীর অসচেতনতায় বা দায়িত্বহীনতায় বা বে-আইনি মোটর সাইকেল চালনায় মোটর সাইকেলের কোন দূর্ঘটনা ঘটিলে তার ক্ষতিপূরণ সম্পূর্ণরূপে ব্যবহারকারীকে বহন করতে হবে।

৬। মোটর সাইকেল এর প্রয়োজনীয় কাগজপত্র (রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্স পরিশোধ সনদ, ইত্যাদি) এক সেট মোটর সাইকেল এর সঙ্গে রাখতে হবে এবং মূল কপি অফিসে সংরক্ষণ করতে হবে।

৭। মোটর সাইকেলসমূহ নির্ধারিত কর্ম এলাকার বাহিরে ব্যবহার করা যাবে না এবং প্রতি ১০০০ (এক হাজার) কিলোমিটার ব্যবহারের পর মোটর সাইকেলের মোবিল পরিবর্তনসহ সার্ভিসিং করাতে হবে।

সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপর্যুক্ত নির্দেশণা বাস্তবায়ন নিশ্চিত করবেন।

১২/৪/২০২২
(সুপ্রিয় কুমার কুণ্ডু)
মহাপরিচালক
ফোন: ০২ ৮১৮০০০২

বিতরণ:

১। উপপরিচালক, বিআরডিবি, জেলা: ------------------------------------------(সকল)।
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, উপজেলা: --------------------------(২৫৬); জেলা: ----------------------(সকল)।
৩। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, জেলা: ---------------------- (২০ টি উপ-অঞ্চল)।
৪। মাঠ সংগঠক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, উপজেলা: ---------------------------- (২৫৬); জেলা: ------------------------------(সকল)।
৫। অফিস নথি।